11

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 6 1999
পৃষ্ঠা ১০ কলাম ৩

# ১৮টি জেলায় উপ-আনুষ্ঠানিক শিক্ষা প্রকল্প

নেত্রকোনা সংবাদদাতা ।। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের নিয়ন্ত্রণাধীন উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প-১-এর আওতায় ১৫ হইতে ২৪ বছর বয়স পর্যন্ত নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষর করার উদ্দেশ্যে দেশের ১৮টি জেলায় প্রকল্প গ্রহণ করা হইয়াছে। বেসরকারী সংস্থার মাধ্যমে এই প্রকল্প বাস্তবায়ন করা হইবে। যে সমস্ত জেলায় এই প্রকল্প বাস্তবায়ন করা হইবে সেগুলি হইল সাতক্ষীরা, সিরাজগঞ্জ, নাটোর, কুড়িগ্রাম, হবিগঞ্জ, সুনামগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা লক্ষীপুর, খাগড়াছড়ি, কক্সবাজার, রাজবাড়ী, কিশোরগঞ্জ, নেত্রকোনা, জামালপুর, ময়মনসিংহ, টাংগাইল এবং মানিকগঞ্জ। তবে জেলায় নির্দিষ্ট কয়েকটি থানায় এই কর্মসূচী বাস্তবায়ন করা হইবে।

যে সমস্ত এনজিওর মাধ্যমে সাক্ষরতা কর্মসূচী বাস্তবায়ন করা হইবে, সেই সমস্ত এনজিওর উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে এক নাগাড়ে ২ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কর্ম এলাকায় বেইজ লাইন সার্ভে করিবার সামর্থ্য থাকিতে হইবে। আগামী বছরের প্রথম দিক হইতেই এই কর্মসূচী বাস্তবায়নের কাজ শুরু হইবে।